		Current Liabilities	762,157	411,570	325,693	300,915	229,693
		Current Assets Ratio	5:90	10:06	13:01	14:01	15:01
06	Net Assets Value Per Share including policyholders liability with total outside liability	Total Assets	26,720,155	29,253,988	28,806,627	25,403,361	21,235,934
		Total Current Liabilities	22,486,399	25,705,725	26,517,755	23,855,960	19,972,480
		Net Assets	4,233,756	3,548,263	2,288,872	1,547,401	1,263,454
		Number of Share	60,428,358	60,428,358	43,163,113	30,830,795	29,362,662
		Value Per Share	70.06	58.72	53.03	50.19	43.03
07	Return on Capital Employed	Surplus as per Actuarial Valuation	2,341,537	2,696,133	1,748,562	1,274,272	969,829
		Capital Employed	25,957,998	28,842,417	28,480,933	25,102,447	21,006,241
		Percentage	9.02%	9.35%	6.14%	5.08%	4.62%
08	Dividend/ Profit Calculation	Surplus as per Actuarial Valuation	2,341,537	2,696,133	1,748,562	1,274,272	969,829
		Shareholders Portion of Surplus 10% of Divisible Profit	234,154	269,613	174,856	127,427	96,983
		Dividend Paid	40%	40%	40%	40%	37%
09	Net Cash inflow per share	Net Increase/ (Decrease) in cash and cash equivalents	(3,277,117)	(280,896)	(700,796)	180,332	2,522,770
		Number of Share	60,428,358	60,428,358	43,163,113	30,830,795	29,362,662
		Percentage	(54.23)%	(4.65)%	(16.24)%	5.85%	85.92%

Notes: 1. Calculating of growth rate is based on immediate preceeding year ended 31st December.


2. Actuarial Valuation have been made for the year 2012, 2013 , 2014, 2015 & 2016 respectively.


PERFORMANCE IN LAST FIVE YEARS (2012-2016)

Particulars	2016	2015	2014	2013	2012
	Tk.	Tk.	Tk.	Tk.	Tk.
Gross Premium	6,005,742,870	6,701,142,996	6,623,172,050	6,410,354,694	6,617,845,084
Life Fund	25,053,046,282	28,206,184,877	28,017,353,382	24,794,138,810	20,712,614,608
Claims	8,053,699,840	6,044,895,560	2,510,151,085	1,370,241,804	800,125,829
Total Assets	26,720,154,981	29,253,987,967	28,806,626,877	25,403,361,516	21,235,934,013
Total Current Assets	4,496,993,456	4,307,450,631	4,268,909,687	4,128,274,540	3,512,453,210
Total Current Liability	762,156,034	411,579,510	325,693,304	300,914,756	229,692,785
Fixed Assets	34,235,900	49,775,915	48,572,175	79,758,233	89,548,078
Investment	**22,188,925,625**	**24,896,761,421**	**24,489,145,014**	**21,195,328,743**	**17,634,942,940**


AMARSTOCK


GRAPHICAL REPRESENTATION






GRAPHICAL REPRESENTATION





ANALYSIS OF UTILIZATION OF INCOME



EVENTS & HIGHLIGHTS

AMAR STOCK

EVENTS & HIGHLIGHTS



পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ১৬তম বার্ষিক সাধারণ সভা বিগত ১০ আগস্ট ২০১৬ তারিখ রোজ বুধবার বেলা ১১:৩০ ঘটিকায় হোটেল পূর্বানী ইন্টারন্যাশনাল লিমিটেড, ১ দিলকুশা বা/এ, ঢাকায় অনুষ্ঠিত হয়। কোম্পানীর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাসান আহমেদ উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডারসহ কোম্পানীর ভাইস চেয়ারম্যান মোঃ মোতাহার হোসেন, পরিচালক কবির আহমেদ, পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক মোহাম্মদ আমির হোসেন চৌধুরী ও মোহাম্মদ জহিরুল ইসলাম চৌধুরী, ইন্ডিপেনডেন্ট ডাইরেক্টর মোল্লা গোলাম মোহাম্মদ ও মোঃ খালেদ মোশারফ হোসেন এবং কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন কোম্পানী সচিব মোস্তফা হেলাল কবির। সভায় সর্বসম্মতিক্রমে ২০১৫ সালের জন্য ৪০% ক্যাশ ডিভিডেন্ট অনুমোদন করা হয়।



অটিস্টিক শিশুদের সুস্থ্য ও সুন্দর জীবন গড়ার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বিশেষায়িত স্কুল "প্রয়াস" কর্তৃক ফান্ড রেইজিং কর্মসূচী ও বিশেষ শিক্ষার্থীদের পরিবেশনায় গত ২৬.১২.২০১৬ তারিখে হোটেল রেডিসনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড "প্রয়াস" তহবিলে ৫,০০,০০০/= টাকা অনুদান প্রদান করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ মন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত এম.পি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অবঃ) তারিক আহমেদ সিদ্দিকি, তিন বাহিনী প্রধান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সামরিক ও বেসামরিক উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহীগণ এবং শিল্প ও বানিজ্য প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ। অনুষ্ঠানে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষে কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট ও সরকারের সাবেক অতিরিক্ত সচিব আব্দুল আউয়াল হাওলাদারকে "প্রয়াস" তহবিলে ৫ লক্ষ টাকার চেক মাননীয় প্রধান অতিথির নিকট হস্তান্তর করতে দেখা যাচ্ছে।



ইংরেজী বর্ষ বরণ ২০১৭ উপলক্ষে এস.এস.এফ ও এটিএন বাংলার যৌথ উদ্যোগে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর সহযোগীতায় এস.এস.এফ এর অফিসার্স এবং তাদের পরিবারের সদস্যদের জন্য দেশের খ্যাতিমান শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান "পপুলার লাইফ ইনস্যুরেন্স SSF Night" অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অবঃ) তারিক আহমেদ সিদ্দিকি, বিমান বাহিনী প্রধান এয়ার মার্শাল আবু ইসরার, এস.এস.এফ এর মহাপরিচালক মেজর জেনারেল শফিকুর রহমান, ন্যাশনাল ডিফেন্স কলেজের কমানড্যান্ট লেফটেন্যান্ট জেনারেল হাসান শহীদ সরওয়ার্দী, র‍্যাব এর মহাপরিচালক বেনজীর আহমেদ, পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী, এস.এস.এফ এর উচ্চ পদস্থ সামরিক কর্মকর্তাবৃন্দ, এটিএন বাংলার উপদেষ্টা কর্ণেল (অবঃ) মীর মোঃ মোতাহার হাসান, পপুলার লাইফের উর্ধ্বতন নির্বাহী পরিচালক আলমগীর ফিরোজ রানা প্রমুখ। ছবিতে মেজর জেনারেল শফিকুর রহমান এর নিকট থেকে বি এম ইউসুফ আলীকে শুভেচ্ছা ক্রেস্ট গ্রহণ করতে দেখা যাচ্ছে।



গত ২২-০৫-২০১৭ইং তারিখে রাজধানীর ওয়েস্টিন হোটেলে অর্থকণ্ঠের আয়োজনে "অর্থকণ্ঠ বিজনেস অ্যাওয়ার্ড -২০১৭" প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এম.পি। অর্থকণ্ঠের উপদেষ্টা সম্পাদক রফিকুল ইসলাম রতনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন দেশবরেণ্য শিল্পোদ্যোক্তা, ব্যবসায়ী, ব্যাংক ও বীমা কোম্পানীর চেয়ারম্যান, এম.ডি, পরিচালকবৃন্দ, বিশিষ্ট ব্যক্তিবর্গ ও অর্থকণ্ঠের সম্পাদক কাজী জাহাঙ্গীর আলম। বীমাকে দেশের সাধারণ মানুষের দোড়গোড়ায় পৌছানো এবং বীমা শিল্পের উন্নয়নের স্বীকৃতি স্বরূপ "জীবন বীমা বর্ষসেরা ব্যবস্থাপনা পরিচালক ও সিইও" হিসেবে বি এম ইউসুফ আলীকে "অর্থকণ্ঠ বিজনেস অ্যাওয়ার্ড-২০১৭" প্রদান করা হয়। ছবিতে মাননীয় মন্ত্রীর নিকট থেকে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলীর পক্ষে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলীকে সম্মাননা ক্রেষ্ট গ্রহণ করতে দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



২৯-০৮-২০১৬ তারিখে বাংলাদেশের ইনস্যুরেন্স কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাদের সংগঠন "বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরাম" কর্তৃক আয়োজিত "১৫ আগষ্ট জাতীয় শোক দিবস" উপলক্ষে ইনষ্টিটিউশন অব্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) কাকরাইল ঢাকায় আলোচনা সভা ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ সকল শহীদদের রুহের মাগফিরাত কামনায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম.এ মান্নান এমপি। গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান এম. শেফাক আহমেদ, এ্যাকচ্যুয়ারী। বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট এবং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সম্মানিত সদস্য মোঃ কুদ্দুস খান, জুবের আহমেদ খাঁন, সুলতান-উল-আবেদীন মোল্লা ও মোঃ মুরশিদ আলম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাধারণ বীমা কর্পোরেশনের চেয়ারম্যান ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন, এ্যাকচ্যুয়ারী, মেঘনা লাইফ ইনস্যুরেন্স এর চেয়ারম্যান নিজাম উদ্দিন আহমদসহ বিভিন্ন বীমা কোম্পানীর সম্মানিত চেয়ারম্যান এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাবৃন্দ।



গত ০৯-০৪-২০১৭ইং তারিখে জনাব গকুল চাঁদ দাস, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর চেয়ারম্যান (চলতি দায়িত্ব) হিসেবে নিয়োগ পাওয়ায় ফুলেল শুভেচ্ছা জানান পপুলার লাইফের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। এ সময় আরো উপস্থিত ছিলেন সাবেক অতিরিক্ত সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার, সাবেক যুগ্ম সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট মোঃ আনিস উদ্দিন মিঞা, সাবেক প্রধান বীমা নিয়ন্ত্রক (ইনচার্জ) ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট রায় দেবদাস, ডিএমডি মোস্তফা হেলাল কবির ও এস এম মুনিরুজ্জামান, উর্ধ্বতন নির্বাহী পরিচালক ইমাদ উদ্দিন আহমেদ প্রিন্স ও আলমগীর ফিরোজ রানা, নির্বাহী পরিচালক এ. এফ. এম মাহমুদুর রহমান প্রমুখ।



গত ০৯-০৪-২০১৭ইং তারিখে জনাব গকুল চাঁদ দাস, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর চেয়ারম্যান (চলতি দায়িত্ব) হিসেবে নিয়োগ পাওয়ায় বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলীর নেতৃত্বে ফোরামের প্রতিনিধিদল তাঁকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানায়। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ফোরামের ভাইস প্রেসিডেন্ট মোঃ হেমায়েত উল্লাহ, সেক্রেটারী জেনারেল মোঃ ফজলুল হক খান, জয়েন্ট সেক্রেটারী জেনারেল মোঃ ইমাম শাহীন, অফিস সেক্রেটারী মোঃ আনোয়ার হোসেন, এক্সিকিউটিভ মেম্বার জাহিদ আনোয়ার খান, মোঃ সোলায়মান, এন. সি রুদ্র ও মোঃ সামছুল আলম প্রমুখ।



গত ২৩-১২-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পৃষ্ঠপোষকতায় ঘাটাইল গলফ ক্লাবের উদ্যোগে শহীদ সালাউদ্দিন সেনানিবাস, ঘাটাইলে 3rd Popular Life Insurance Cup Golf Tournament-2016 এর পুরস্কার বিতরনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ১৯ পদাতিক ডিভিশনের জি.ও.সি এবং এরিয়া কমান্ডার মেজর জেনারেল সাজ্জাদুল হক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্রিগেডিয়ার জেনারেল মোঃ খালেদ আল মামুন, ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনিসুর রহমান, ব্রিগেডিয়ার জেনারেল এম মাসুদ আহমেদ, ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ শামস্-উল-হুদা, ব্রিগেডিয়ার জেনারেল আবু সাইদ মোহাম্মদ আলী, ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুর রউফ ও ব্রিগেডিয়ার জেনারেল মেসবাহ্ উল আলম চৌধুরী এবং উর্ধ্বতন সামরিক কর্মকর্তাবৃন্দ। সরকারের সাবেক অতিরিক্ত সচিব ও পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ছবিতে প্রধান অতিথি মেজর জেনারেল সাজ্জাদুল হক এর নিকট থেকে সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার কে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষে শুভেচ্ছা ক্রেস্ট গ্রহণ করতে দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



গত ১৩-১০-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর লক্ষীপুর জেলার নদী বাংলা রশীদ চৌধুরী কমপ্লেক্স এর ৫ম তলা নিজস্ব ফ্লোর শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোম্পানীর নিজস্ব কার্যালয় উদ্বোধন করেন লক্ষীপুর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এ কে এম শাহজাহান কামাল। উক্ত অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব ও ব্যবসায়ী সৈয়দ আবুল কাশেম ও ডিএমডি মোঃ নওশের আলী নাঈম প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেপিডি মোঃ শিহাব উদ্দিন। ছবিতে প্রধান অতিথিকে ফিতা কেটে কোম্পানীর নিজস্ব ফ্লোরের উদ্বোধন করতে দেখা যাচ্ছে।



বিগত ১৮-১০-২০১৬ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর নারায়ণগঞ্জ জেলা কার্য্যালয়ের জন্য ক্রয়কৃত নিজস্ব ফ্লোরে অফিস শুভ উদ্বোধন করা হয়। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বীমা গ্রাহকের মৃত্যুদাবীর চেক হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অফিস উদ্বোধন করেন কোম্পানীর চেয়ারম্যান হাসান আহমেদ। উক্ত অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী, সাবেক যুগ্ম সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট মোঃ আনিস উদ্দিন মিঞা, কোম্পানী সচিব মোস্তফা হেলাল কবির, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন ও মোঃ নওশের আলী নাঈম প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উর্ধ্বতন প্রকল্প পরিচালক সৈয়দ সুলতান মাহমুদ। ছবিতে প্রধান অতিথিকে ফিতা কেটে অফিস উদ্বোধন করতে দেখা যাচ্ছে।



পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পৃষ্ঠপোষকতায় এবং শরীয়তপুর জেলা ফুটবল এসোসিয়েশন এর সার্বিক ব্যবস্থাপনায় বিগত ২৩-০৭-২০১৬ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ১ম বিভাগ ফুটবল লীগ-২০১৬ শরীয়তপুর জেলা স্টেডিয়ামে উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শরীয়তপুর জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া সংস্থার সভাপতি মোঃ মাহমুদুল হোসাইন খান। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার ও জেলা ক্রীড়া সংস্থার সহ-সভাপতি সাইফুল্লাহ্ আল মামুন। ফুটবল লীগের উদ্বোধন করেন পপুলার লাইফ লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। জেলা ফুটবল এসোসিয়েশন এর সভাপতি মোঃ আপ্পস সালাম মাদবর এর সভাপতিত্বে অনুষ্ঠিত পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ১ম বিভাগ ফুটবল লীগের উদ্বোধনী অনুষ্ঠানে পপুলার লাইফের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলীকে সভাপতি কর্তৃক প্রদত্ত ক্রীড়া সংস্থার শুভেচ্ছা স্মারক গ্রহন করতে দেখা যাচ্ছে।



২৯-০৩-২০১৭ইং তারিখে বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরাম (বিআইএফ) এর উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আলোচনা সভা-২০১৭ ঢাকায় পপুলার লাইফ ইনস্যুরেন্স কোং লিঃ এর হল রুমে (৩৬ দিলকুশা বা/এ) অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ এর কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক এম.পি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট এবং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলী। অনুষ্ঠান পরিচালনা করেন বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের সেক্রেটারী জেনারেল মোঃ ফজলুল হক খান। উক্ত আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরাম এর ভাইস প্রেসিডেন্ট মোঃ হেমায়েত উল্লাহ, জয়েন্ট সেক্রেটারী মোঃ ইমাম শাহীন, ফাইন্যান্স সেক্রেটারী জামাল মোহাম্মদ আবু নাসের, এক্সিকিউটিভ মেম্বার মোঃ জামিরুল ইসলাম সহ ফোরামের অন্যান্য সদস্যবৃন্দ। এছাড়া উক্ত অনুষ্ঠানে বিভিন্ন ইনস্যুরেন্স কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

EVENTS & HIGHLIGHTS



গত ০২-০৩-২০১৭ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর উদ্যোগে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী সভা কোম্পানীর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর উপদেষ্টা বি এম মোজাম্মেল হক এম.পি এবং প্রধান বক্তা ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সাবেক অতিরিক্ত সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন, এস এম মুনিরুজ্জামান ও মোঃ নওশের আলী নাঈম, উর্ধ্বতন প্রকল্প পরিচালক সৈয়দ আমিনুল ইসলাম প্রমুখ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ০১-০৩-২০১৭ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর মাননীয় চেয়ারম্যান জনাব হাসান আহমেদ এর দক্ষ ব্যবস্থাপনায় পরিচালিত পপুলার জুট এক্সচেঞ্জ লিমিটেড অন্যান্য বছরের ন্যায় এবারও কাঁচা পাট রপ্তানিতে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। এই সাফল্যের স্বীকৃতি স্বরূপ ২০১৩ সালের বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে জনাব হাসান আহমেদ সিআইপি (রপ্তানি) নির্বাচিত হওয়ায় ফুল দিয়ে শুভেচ্ছা জানান কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। এ সময় আরো উপস্থিত ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী সহ কোম্পানীর অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



গত ১৮-০৪-২০১৭ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর বরিশাল বিভাগীয় বার্ষিক সম্মেলন-২০১৬ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান বরিশাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এছাড়াও উক্ত অনুষ্ঠানে ৫০ জন বীমা গ্রাহকের মৃত্যুদাবীর চেক হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল রেঞ্জ এর ডিআইজি শেখ মুহম্মদ মারুফ হাসান এবং প্রধান বক্তা ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন ও এস এম মুনিরুজ্জামান প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিএমডি মোঃ নওশের আলী নাঈম। ছবিতে প্রধান অতিথিকে মৃত্যুদাবীর চেক হস্তান্তর করতে দেখা যাচ্ছে।



গত ০২-১১-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর একক বীমা প্রকল্পের ব্রাঞ্চ ম্যানেজারস্ ব্যবসা পর্যালোচনা সভা-২০১৬ কোম্পানীর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর উপদেষ্টা বি এম মোজাম্মেল হক এম.পি এবং প্রধান বক্তা ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। কোম্পানীর উপ-ব্যবস্থাপনা পরিচালক মোঃ নওশের আলী নাঈম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন ও এস এম মুনিরুজ্জামান, উর্ধ্বতন প্রকল্প পরিচালক বি এম শাহজাহান, প্রকল্প পরিচালক মোহাম্মদ এনামুল হক প্রমুখ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



সম্প্রতি ২৫-০৫-২০১৭ইং ও ২৬-০৫-২০১৭ইং তারিখে অনুষ্ঠিত ভারতের মুম্বাইয়ে হোটেল ললিট-এ Quest ontheFRONTIER PTE Limited এর আয়োজনে 2nd Annual Insurance India Summit & Award-2017 প্রদান করা হয়। অনুষ্ঠানে ভারতীয় শীর্ষস্থানীয় লাইফ ও নন-লাইফ ইনস্যুরেন্স কোম্পানীর চেয়ারম্যান, এমডি, সিএফও, সিএমওগণসহ বিভিন্ন দেশের ইনস্যুরেন্স কোম্পানীর মুখ্য/উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষে প্রতিনিধিত্ব করেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী এবং উর্ধ্বতন নির্বাহী পরিচালক ইমাদ উদ্দিন আহম্মেদ প্রিন্স। অনুষ্ঠানে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেডকে "Insurance Company of the Year" অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ছবিতে কৌশিক বাগচী Vice president & Head Digital Enterprise Platform Group, SAP India এর নিকট থেকে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলীকে সম্মাননা ক্রেস্ট গ্রহণ করতে দেখা যাচ্ছে।



গত ২৫-০২-২০১৭ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পৃষ্ঠপোষকতায় এবং বাংলাদেশ ভলিবল ফেডারেশনের সার্বিক ব্যবস্থাপনায় পপুলার লাইফ ইনস্যুরেন্স ঢাকা মহানগরী উন্মুক্ত মহিলা ভলিবল প্রতিযোগিতা ২০১৭ এর শুভ উদ্বোধন বাংলাদেশ ভলিবল স্টেডিয়াম ঢাকায় অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস টিম, ওয়ারী ক্লাব, ভিকারুননেসা স্কুল এন্ড কলেজ সহ সর্বমোট ৭ টি দল অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। মহিলা ভলিবল কমিটির সভাপতি পুলিশ সুপার (সিআইডি) সৈয়দা জান্নাত আরা এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ ভলিবল ফেডারেশন এর সভাপতি মোঃ আতিকুল ইসলাম, সহ-সভাপতি তাবিউর রহমান পালোয়ান, সাধারণ সম্পাদক আশিকুর রহমান মিকু, পপুলার লাইফের উর্ধ্বতন নির্বাহী পরিচালক আলমগীর ফিরোজ রানা প্রমুখ ব্যক্তিবর্গ। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফেডারেশনের উর্ধ্বতন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল ক্রীড়া সংগঠন এর নেতৃবৃন্দ। ছবিতে প্রধান অতিথিকে "পপুলার লাইফ ইনস্যুরেন্স ঢাকা মহানগরী উন্মুক্ত মহিলা ভলিবল প্রতিযোগিতা ২০১৭" উদ্বোধন করতে দেখা যাচ্ছে।



০৪-০২-২০১৭ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর সকল প্রকল্পের শাখা কর্মকর্তা ও সার্ভিস সেল ইনচার্জদের মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নে প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা কক্সবাজার "হোটেল সী প্যালেসে" অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। উপস্থিত ছিলেন সাবেক প্রধান বীমা নিয়ন্ত্রক ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট রায় দেবদাস এবং কোম্পানীর অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উর্ধ্বতন উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কেমেলকো কাজী মোঃ ফজলুল করিম এফসিএ, এফসিএস। অনুষ্ঠানে প্রধান প্রশিক্ষক ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রধান নিরীক্ষক) নন্দন ভট্টাচার্য। ছবিতে প্রধান অতিথিকে প্রশিক্ষণ সভায় দিক নির্দেশনামূলক বক্তব্য দিতে দেখা যাচ্ছে।



গত ১৭-০৩-২০১৭ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে খুলনাস্থ কোম্পানীর নিজস্ব কার্যালয়ের অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন ও মোঃ নওশের আলী নাঈম। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন উর্ধ্বতন প্রকল্প পরিচালক সৈয়দ সুলতান মাহমুদ ও সৈয়দ আমিনুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত প্রকল্প পরিচালক আরিফুর রহমান বিপ্লব। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



গত ০৭-০৩-২০১৭ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর উদ্যোগে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নে প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা কোম্পানীর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উর্ধ্বতন উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কেমেলকো কাজী মোঃ ফজলুল করিম এফসিএ, এফসিএস। অনুষ্ঠানে প্রধান প্রশিক্ষক ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রধান নিরীক্ষক) নন্দন ভট্টাচার্য। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন, এস এম মুনিরুজ্জামান ও মোঃ নওশের আলী নাঈম, এসইডি ইমাদ উদ্দিন আহমেদ প্রিন্স এবং কোম্পানীর অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। ছবিতে প্রধান অতিথিকে প্রশিক্ষণ সভায় দিক নির্দেশনামূলক বক্তব্য দিতে দেখা যাচ্ছে।



গত ২৪-০৪-২০১৭ইং তারিখ ঢাকাস্থ সিআইসিসি হল রুম, সিরডাপ মিলনায়তনে ব্যাংক বীমা অর্থনীতি পত্রিকার আয়োজনে "স্বচ্ছ বার্ষিক প্রতিবেদনই প্রাতিষ্ঠানিক দর্পন" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বীমা কোম্পানীসমূহের সর্বশেষ প্রকাশিত স্বচ্ছ বার্ষিক প্রতিবেদন-২০১৫ প্রকাশের জন্য "ব্যাংক বীমা অর্থনীতি অ্যাওয়ার্ড -২০১৫" প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের সাবেক বিচারপতি মো. মমতাজ উদ্দিন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের সচিব শ্যামল চন্দ্র কর্মকার, বাংলাদেশ ইনস্যুরেন্স এসোসিয়েশনের প্রেসিডেন্ট শেখ কবির হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেঘনা ইনস্যুরেন্স কোম্পানীর কনসালটেন্ট এবিএম নূরুল হক ও প্রাইম ইসলামী লাইফ ইনস্যুরেন্স এর কনসালটেন্ট কাজী মোর্তুজা আলীসহ দেশের আর্থিক খাতের বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাংক বীমা অর্থনীতি পত্রিকার সম্পাদক মোহাম্মাদ মুনীরুজ্জামান। অনুষ্ঠানে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেডকে "স্বচ্ছ বার্ষিক প্রতিবেদন-২০১৫" প্রকাশের জন্য "ব্যাংক বীমা অর্থনীতি অ্যাওয়ার্ড-২০১৫" প্রদান করা হয়। ছবিতে প্রধান অতিথির নিকট থেকে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষে উর্ধ্বতন নির্বাহী পরিচালক ইমাদ উদ্দিন আহমেদ প্রিন্স কে সম্মাননা ক্রেষ্ট গ্রহণ করতে দেখা যাচ্ছে। এ সময় পাশে উপস্থিত ছিলেন কোম্পানীর উর্ধ্বতন নির্বাহী পরিচালক আলমগীর ফিরোজ রানা।



গত ০৫-০৯-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর জনপ্রিয় বীমা প্রকল্পের ব্যবসা উন্নয়ন ও পর্যালোচনা সভা-২০১৬ কোম্পানীর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর উপদেষ্টা বি এম মোজাম্মেল হক এম.পি। বিশেষ অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সাবেক অতিরিক্ত সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার, সাবেক যুগ্ম সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আনিস উদ্দিন মিঞা, সাবেক সিনিয়র জেলা ও দায়রা জজ এবং কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট মোঃ সাজেদুল করিম, সাবেক প্রধান বীমা নিয়ন্ত্রক (ইনচার্জ) ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট রায় দেবদাস, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন, এস এম মুনিরুজ্জামান ও মোঃ নওশের আলী নাঈম, নির্বাহী পরিচালক মোঃ কামাল হোসেন মহসিন প্রমুখ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ০৭-০১-২০১৭ইং তারিখে সম্প্রতি পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ময়মনসিংহে নিজস্ব ভবন এর শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভবন উদ্বোধন করেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী, সাবেক প্রধান বীমা নিয়ন্ত্রক (ইনচার্জ) ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট রায় দেবদাস, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন ও যমুনা ব্যাংকের শাখা ব্যবস্থাপক আনিসুজ্জামান রাহাত। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক মোঃ কামাল হোসেন মহসিন ও মুহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, প্রকল্প পরিচালক মোহাম্মদ এনামুল হক, প্রকল্প ইনচার্জ নূরুজ্জামান কোতয়াল প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্প পরিচালক মোঃ মোখলেছুর রহমান। ছবিতে প্রধান অতিথিকে ফিতা কেটে ভবনের শুভ উদ্বোধন করতে দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



গত ০৮-০৪-২০১৭ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর আল বারাকাহ্ ইসলামী বীমা প্রকল্পের পাগলা সার্ভিস সেল এর শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অফিস উদ্বোধন করেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী, সাবেক অতিরিক্ত সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার, সাবেক প্রধান বীমা নিয়ন্ত্রক (ইনচার্জ) ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট জনাব রায় দেবদাস, উর্ধ্বতন প্রকল্প পরিচালক সৈয়দ আমিনুল ইসলাম, প্রকল্প ইনচার্জ নুরুজ্জামান কোতয়াল এবং ইডি (উঃ) শাহজাহান সুমন প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সার্ভিস সেল ইনচার্জ মাহমুদা বেগম। ছবিতে প্রধান অতিথিকে ফিতা কেটে অফিস উদ্বোধন করতে দেখা যাচ্ছে।



গত ১৩-১২-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর একক বীমা প্রকল্পের ২৩,৬৪,৭৮৪/= টাকার একটি মৃত্যুদাবীর চেক কোম্পানীর একক বীমা প্রকল্পের সিলেট বিভাগীয় কার্যালয়ে হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চেক হস্তান্তর করেন সিলেট বিভাগের সম্মানীত বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মোঃ জামাল উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নির্বাহী পরিচালক মোঃ কামাল হোসেন মহসিন, উর্ধ্বতন প্রকল্প পরিচালক সৈয়দ আমিনুল ইসলাম, প্রকল্প পরিচালক মুহাম্মদ ফরিদ উদ্দীন নিজামী ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্প পরিচালক মোহাম্মদ এনামুল হক। ছবিতে প্রধান অতিথিকে মরহুম বীমা গ্রাহক নুরুল ইসলাম এর নমিনী স্ত্রী ফাহমিনা আরা বেগম এর নিকট ২৩,৬৪,৭৮৪/= টাকার একটি মৃত্যুদাবীর চেক হস্তান্তর করতে দেখা যাচ্ছে।



গত ০৬-০৯-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর আল আমিন বীমা প্রকল্পের ব্যবসা উন্নয়ন ও পর্যালোচনা সভা-২০১৬ কোম্পানীর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর উপদেষ্টা বি এম মোজাম্মেল হক এম.পি। বিশেষ অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সাবেক অতিরিক্ত সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার, সাবেক প্রধান বীমা নিয়ন্ত্রক (ইনচার্জ) ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট রায় দেবদাস, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন, এস এম মুনিরুজ্জামান, মোঃ নওশের আলী নাঈম ও মোঃ আবু তাহের প্রমুখ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ০৬-০২-২০১৭ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর টার্গেট অর্জনকারী উন্নয়ন কর্মকর্তাদের কক্সবাজার মিলন মেলা এবং আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০১৭ হোটেল সী প্যালেসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সাবেক অতিরিক্ত সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার, সাবেক প্রধান বীমা নিয়ন্ত্রক (ইনচার্জ) ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট রায় দেবদাস, সিনিয়র ডিএমডি কাজী মোঃ ফজলুল করিম, ইসলামপুর সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের উপাধ্যক্ষ ফরিদ উদ্দিন আহমেদ, কোম্পানীর আইন উপদেষ্টা অতিরিক্ত এটর্নি জেনারেল এডভোকেট মোহাম্মদ আলী সহ অন্যান্য আইন উপদেষ্টাবৃন্দ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ডিএমডি নন্দন ভট্টাচার্য, মোস্তফা হেলাল কবির, সৈয়দ মোতাহার হোসেন, এস এম মুনিরুজ্জামান, মোঃ নওশের আলী নাঈম, মোঃ হাবিবুর রহমান ও মোঃ আবু তাহের এসইডি ইমাদ উদ্দিন আহমেদ প্রিন্স, উর্ধ্বতন প্রকল্প পরিচালক ও প্রকল্প পরিচালকবৃন্দ এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



গত ০৬-১১-২০১৬ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর আল বারাকাহ্ ইসলামী ডিপিএস ও পপুলার ডিপিএস প্রকল্পের ৩য় স্তর কর্মকর্তাদের ব্যবসা পর্যালোচনা সভা-২০১৬ কোম্পানীর সেমিনার কক্ষ ৩৬, দিলকুশা বা/এ, ৪র্থ তলা, ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর উপদেষ্টা বি এম মোজাম্মেল হক এম.পি। বিশেষ অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সাবেক অতিরিক্ত সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আবদুল আউয়াল হাওলাদার, সাবেক যুগ্ম সচিব ও কোম্পানীর সিনিয়র কনসালট্যান্ট আনিস উদ্দিন মিঞা, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন, এস এম মুনিরুজ্জামান ও মোঃ নওশের আলী নাঈম, নির্বাহী পরিচালক মোঃ শফিকুল ইসলাম মাসুম ও মুহাম্মদ আব্দুল্লাহ আল মামুন প্রমুখ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ০৪-১০-২০১৬ইং তারিখে বাংলাদেশের ইনস্যুরেন্স কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাদের সংগঠন "বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরাম" (বিআইএফ) এর সাথে ইকনোমিক মিডিয়া অ্যাসোসিয়েশন এর মতবিনিময় সভা পিপলস ইনস্যুরেন্স ভবন (১৮ তলা), ৩৬ দিলকুশা বা/এ, ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট এবং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলী। সভাপতিত্ব করেন ইকনোমিক মিডিয়া অ্যাসোসিয়েশন এর সভাপতি মোহাম্মাদ মুনীরুজ্জামান। উক্ত মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরাম এর ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ হোসেন খালেদ ও মোঃ হেমায়েত উল্লাহ, এক্সিকিউটিভ মেম্বার মোঃ হাফিজ উল্লাহ্ ও মোঃ শামছুল আলম এবং ইকনোমিক মিডিয়া অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আবুল বাশার হাওলাদার সহ অ্যাসোসিয়েশনের অন্যান্য সদস্যবৃন্দ।



গত ০৯.০৩.২০১৭ তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর মুন্সিগঞ্জ জেলার ব্যবসা উন্নয়ন ও পরিকল্পনা সভা-২০১৭ মুন্সিগঞ্জ জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বীমা গ্রাহকের বেশকিছু মৃত্যুদাবীর চেকও হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুন্সিগঞ্জ পুলিশ সুপার মোহাম্মদ জায়েদুল আলম এবং প্রধান বক্তা ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডিএমডি মোঃ হাবিবুর রহমান ও মোঃ আবু তাহের। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক মোঃ শফিকুল ইসলাম মাসুম। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রকল্প ইনচার্জ মোঃ নুরুজ্জামান কোতয়াল ও মোঃ দুলাল মিয়া এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। ছবিতে অতিথিবৃন্দকে মৃত্যুদাবীর চেক হস্তান্তর করতে দেখা যাচ্ছে।



গত ২৫-০৯-২০১৬ইং তারিখে বাংলাদেশের ইনস্যুরেন্স কোম্পানী সমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাদের সংগঠন "বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরাম" (বিআইএফ) এর সাথে ইনস্যুরেন্স রিপোর্টাস ফোরাম এর মতবিনিময় সভা পিপলস ইনস্যুরেন্স ভবন (৪র্থ তলা), ৩৬ দিলকুশা বা/এ, ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট এবং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনস্যুরেন্স রিপোর্টার্স ফোরামের সভাপতি জনাব গোলাম সামদানী। উক্ত মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরাম এর সেক্রেটারী জেনারেল মোঃ ফজলুল হক খান, জয়েন্ট সেক্রেটারী মোঃ ইমাম শাহীন ও বিশ্বজিৎ কুমার মন্ডল, অর্গানাইজিং সেক্রেটারী এ.কে.এম.শরীফুল ইসলাম, অফিস সেক্রেটারী মোঃ আনোয়ার হোসেন, এক্সিকিউটিভ মেম্বার জাহিদ আনোয়ার খান, মোঃ হাফিজ উল্লাহ্, মোহাম্মদ মোসাদ্দেকুল হক, আমজাদ হোসেন খান চৌধুরী এবং ইনস্যুরেন্স রিপোর্টাস ফোরামের মোঃ মনির হোসেন, রেজাউল হক কৌশিক, গাজী আনোয়ারুল হক, মাহ্‌ফুজুল হক, মরিয়ম সেঁজুতী ও নিয়াজ আহমেদ প্রমুখ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



গত ২৩-০৪-২০১৭ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ময়মনসিংহ জেলা বার্ষিক সম্মেলন-২০১৬ ময়মনসিংহ এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৩৯ জন বীমা গ্রাহকের মৃত্যুদাবীর চেকও হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন, নির্বাহী পরিচালক মোঃ কামাল হোসেন মহসিন, মোঃ আব্দুল্লাহ্ আল মামুন ও মোঃ শফিকুল ইসলাম মাসুম, প্রকল্প পরিচালক মুহাম্মদ এনামুল হক প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্প পরিচালক মোঃ মোখলেছুর রহমান। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ২৬-০৭-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর চাঁদপুর জেলা ব্রাঞ্চ ম্যানেজার অর্ধ-বার্ষিক সম্মেলন-২০১৬ কোম্পানীর আল আমিন বীমা প্রকল্পের চাঁদপুর সার্ভিস সেল কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নির্বাহী পরিচালক মোঃ সেলিম মিয়া, প্রকল্প পরিচালক জাহেদুল আলম শামীম, প্রকল্প ইনচার্জ সোলায়মান হোসেন সোহাগ ও মোঃ নুরুজ্জামান কোতয়াল প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত প্রকল্প পরিচালক মোঃ দেলোয়ার হোসেন উজ্জল। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ১২-১০-২০১৬ইং তারিখ পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর কুমিল্লা জেলা অর্ধ-বার্ষিক সম্মেলন-২০১৬ কুমিল্লা টাউন হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন, মোঃ নওশের আলী নাঈম ও মোঃ হাবিবুর রহমান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নির্বাহী পরিচালক সৈয়দ আমিনুল ইসলাম, এস এম খলিলুর রহমান দুলাল, মোঃ শফিকুল ইসলাম, বি এম শাহজাহান ও মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, প্রকল্প পরিচালক মোঃ এনামুল হক ও জাহেদুল আলম শামীম, প্রকল্প ইনচার্জবৃন্দ এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক মোঃ কামাল হোসেন মহসিন। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ০৩-১১-২০১৬ইং পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর আল বারাকাহ্ ইসলামী বীমা প্রকল্পের ব্যবসা পর্যালোচনা সভা-২০১৬ কোম্পানীর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডিএমডি নন্দন ভট্টাচার্য, সৈয়দ মোতাহার হোসেন ও এস এম মুনিরুজ্জামান, উর্ধ্বতন প্রকল্প পরিচালক সৈয়দ আমিনুল ইসলাম ও প্রকল্প পরিচালক জাহেদুল আলম শামীম প্রমুখ। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।

EVENTS & HIGHLIGHTS



গত ১৮-১১-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর জামালপুর জেলা অর্ধ-বার্ষিক সম্মেলন-২০১৬ ইসলামপুর উপজেলা পাবলিক হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং বাংলাদেশ ইনস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট বি এম ইউসুফ আলী। বিশেষ অতিথি ছিলেন ইসলামপুর সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের উপাধ্যক্ষ ফরিদ উদ্দিন আহমেদ, ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন ও মোঃ হাবিবুর রহমান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নির্বাহী পরিচালক এস এম খলিলুর রহমান দুলাল ও মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, প্রকল্প পরিচালক মোঃ মোখলেছুর রহমান এবং প্রকল্প ইনচার্জবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক মোঃ শফিকুল ইসলাম মাসুম। ছবিতে প্রধান অতিথিকে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



গত ২২-০৭-২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর শরীয়তপুর জেলা অর্ধ-বার্ষিক শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৬ শরীয়তপুর দুবাই প্লাজা কোম্পানীর আল আমিন বীমা প্রকল্পের সার্ভিস সেল কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। বিশেষ অতিথি ছিলেন ডিএমডি সৈয়দ মোতাহার হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক মোঃ সেলিম মিয়া, উর্ধ্বতন মহা-ব্যবস্থাপক মোঃ জাহাঙ্গীর আলম ও কোম্পানীর অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উর্ধ্বতন উপ-প্রকল্প পরিচালক সৈয়দ মোঃ জাকারিয়া। ছবিতে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক কে বক্তব্যরত অবস্থায় দেখা যাচ্ছে।



২১শে ফেব্রুয়ারী ২০১৭ইং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষ থেকে ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করা হয়।



বিগত ০৬.০৬.২০১৬ইং তারিখ পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর শরিয়াহ্ কাউন্সিলের ৪৭তম সভা ৩৬ দিলকুশা বা/এ, ঢাকায় কোম্পানীর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শরিয়াহ কাউন্সিলের চেয়ারম্যান অধ্যক্ষ সাইয়্যেদ কামালুদ্দীন জাফরী। সভায় সদস্যের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা কবি রুহুল আমীন খান, হাফেজ মাওলানা মফিজুর রহমান (অন্ধ হুজুর), অধ্যাপক মাওলানা এ বি এম মাছুম বিল্লাহ, অধ্যাপক ডঃ মাওলানা আবু নোমান মো. রফিকুর রহমান, অধ্যাপক মাহবুবুর রহমান, মাওলানা শাহ্ মো. আরীফ বিল্লাহ সিদ্দিকী, মাওলানা মোস্তফা আমীন খান, কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বি এম ইউসুফ আলী কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী ও শরিয়াহ্ কাউন্সিলের সদস্য সচিব মাওলানা কে এম আব্দুস সোবহান। এছাড়াও উপস্থিত ছিলেন পর্যবেক্ষক সদস্য মোস্তফা হেলাল কবির।

EVENTS & HIGHLIGHTS



গত ০৪.০৯.২০১৬ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর শরিয়াহ্ কাউন্সিলের ৪৮তম সভা ৩৬ দিলকুশা বা/এ, ঢাকায় কোম্পানীর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শরিয়াহ কাউন্সিলের চেয়ারম্যান অধ্যক্ষ সাইয়্যেদ কামালুদ্দীন জাফরী। সভায় সদস্যের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা কবি রুহুল আমীন খান, হাফেজ মাওলানা মফিজুর রহমান (অন্ধ হুজুর), অধ্যাপক মাওলানা এ বি এম মাছুম বিল্লাহ, অধ্যাপক ড. মাওলানা আবু নোমান মো. রফিকুর রহমান, অধ্যাপক মাহবুবুর রহমান, মাওলানা শাহ্ মো. আরীফ বিল্লাহ সিদ্দিকী, মাওলানা মোস্তফা আমীন খান, কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলী, কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী ও শরিয়াহ্ কাউন্সিলের সদস্য সচিব মাওলানা কে এম আব্দুস সোবহান । এছাড়াও উপস্থিত ছিলেন পর্যবেক্ষক সদস্য মোস্তফা হেলাল কবির ।



গত ০৬.১১.২০১৬ইং তারিখ পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর শরিয়াহ্ কাউন্সিলের ৪৯তম সভা ৩৬ দিলকুশা বা/এ, ঢাকায় কোম্পানীর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শরিয়াহ কাউন্সিলের চেয়ারম্যান অধ্যক্ষ সাইয়্যেদ কামালুদ্দীন জাফরী। সভায় সদস্যের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা কবি রুহুল আমীন খান, হাফেজ মাওলানা মফিজুর রহমান (অন্ধ হুজুর), অধ্যাপক মাওলানা এ বি এম মাছুম বিল্লাহ, অধ্যাপক ডঃ মাওলানা আবু নোমান মো. রফিকুর রহমান, অধ্যাপক মাহবুবুর রহমান, মাওলানা শাহ্ মো. আরীফ বিল্লাহ সিদ্দিকী, মাওলানা মোস্তফা আমীন খান, কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলী, কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী ও শরিয়াহ্ কাউন্সিলের সদস্য সচিব মাওলানা কে এম আব্দুস সোবহান। এছাড়াও উপস্থিত ছিলেন পর্যবেক্ষক সদস্য মোস্তফা হেলাল কবির ।



গত ২৩.০৩.২০১৭ইং তারিখে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর শরিয়াহ্ কাউন্সিলের ৫০তম সভা ৩৬ দিলকুশা বা/এ, ঢাকায় কোম্পানীর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শরিয়াহ কাউন্সিলের চেয়ারম্যান অধ্যক্ষ সাইয়্যেদ কামালুদ্দীন জাফরী। সভায় সদস্যের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা কবি রুহুল আমীন খান, হাফেজ মাওলানা মফিজুর রহমান (অন্ধ হুজুর), অধ্যাপক মাওলানা এ বি এম মাছুম বিল্লাহ, অধ্যাপক ডঃ মাওলানা আবু নোমান মো. রফিকুর রহমান, অধ্যাপক মাহবুবুর রহমান, মাওলানা শাহ্ মো. আরীফ বিল্লাহ সিদ্দিকী, মাওলানা মোস্তফা আমীন খান, কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলী, কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী ও শরিয়াহ্ কাউন্সিলের সদস্য সচিব মাওলানা কে এম আব্দুস সোবহান। এছাড়াও উপস্থিত ছিলেন পর্যবেক্ষক সদস্য মোস্তফা হেলাল কবির ।



গত ০৬.০৬.২০১৭ পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর শরিয়াহ্ কাউন্সিলের ৫১তম সভা ৩৬ দিলকুশা বা/এ, ঢাকায় কোম্পানীর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শরিয়াহ কাউন্সিলের চেয়ারম্যান অধ্যক্ষ সাইয়্যেদ কামালুদ্দীন জাফরী। সভায় সদস্যের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা কবি রুহুল আমীন খান, হাফেজ মাওলানা মফিজুর রহমান (অন্ধ হুজুর), অধ্যাপক মাওলানা এ বি এম মাছুম বিল্লাহ, অধ্যাপক ডঃ মাওলানা আবু নোমান মো. রফিকুর রহমান, অধ্যাপক মাহবুবুর রহমান, মুফতি মিজানুর রহমান, মাওলানা শাহ্ মো. আরীফ বিল্লাহ সিদ্দিকী, মাওলানা মোস্তফা আমীন খান, কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বি এম ইউসুফ আলী, কোম্পানীর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী ও শরিয়াহ্ কাউন্সিলের সদস্য সচিব মাওলানা কে এম আব্দুস সোবহান। এছাড়াও উপস্থিত ছিলেন পর্যবেক্ষক সদস্য মোস্তফা হেলাল কবির।

Bismillahir Rahmanir Rahim



MESSAGE FROM CHAIRMAN

Welcome you all to the 17thAnnual General Meeting of PopularLife Insurance Company Ltd. An Annual Meeting gives us the opportunity to exchange views with our honorable shareholders on various issues of the company including operational outcome, prospects and barriers as well. Your active participation inspires us to be more dedicated to our common purposes. I felt privileged to have the passage to place before this August assembly our achievements and failures of the year and to have apprised the strategies to win the challenges ahead with a view to keep progress and prosperities of our company continued.

You all are aware of the fact that success of life insurance industry depends on the potentialities of Macro-economic conditions of a country; especiallybetter savings ratio in comparison with the Gross Domestic Products. In spite of 7% GDP growth in year 2016, the savings of middle and lower income group decreased drastically due to 7.6% inflation rate and down trend of remittance income round the year. Moreover decline in investment from both local and foreign private investors aggravated the employment generation problem of the country. These macro

level adversities caused less purchasing power of mass people and affected savings trends of the common people. It happens in growing economies like Bangladesh that, hike in cost of living results in negative saving rate on peoples engaged in agriculture and owners of small businesses. Moreover decrease in interest rate on the savings of limited income group and retired persons of the society ; we have been passing through similar situation for last two years. Being affected by all these adversities the premium income of the Company fell down to 600.41 Crore in the year 2016 which was 10.38% less in comparison to that of 2015. On the other hand investment income of the Company in 2016 was also squeezed by fall of interest rate alarmingly; since insurance sector was putting lion portion of it's investable fund in government securities and Bank & Financial Institutions being frustrated by the unstable behavior of the capital market of the country.

Despite of all these adversities had been prevailing round the year, your Company earned 600.41 Crore premium income in the year 2016, which was a remarkable success in life insurance industry of Bangladesh. I express my heartfelt thanks to all employees and members of Management team for their devoted efforts and untiring actions to ensure development and prosperity of the company through attainable satisfactory premium income level in the year 2016 alike the previous ones. I will take this opportunity to call upon the management of the company to formulate efficient and effective policies to overcome all the challenges derived from ever changing situations aiming to defend the champion position of the company in the insurance industry.

Your company has been maintaining acclaimed reputation in delivering quality services to all our existing and potential policy holders; the most cherished one is settlement of insurance claims properly within shortest possible time. You would be happy to know that in line with our commitment to our respected policyholders we have settled insurance claims of Tk. 805.37 Crore during the period of 2016. We are very much devoted and committed to serve qualitative insurance services towards all respected policy holders in every corner of Bangladesh.In pursuant to our commitments, we had initiatives to re-form and re-classify our insurance services to match with the needs of the people of all walk of life. The corporate objectives of the company is to ensure utmost utilization of the balance of life fund with a view to grant fabulous bonus to the policy holders and attractive dividend to the honorable shareholders of the company in the days ahead.

Skilled and efficient workforce is a prerequisite to operational success of a life insurance company. Giving priority to this vital issue we have been arranging on job training for our agents, back office employees and marketing people to excel their competitive edge. Besides, need based special training programs were undertaken to equip the sales force to win their professional challenges in backdrop of changed situation of insurance industry. To create market is now more important that putting efforts to expand the our market share. We are planning to redesign our product and services with a view to cater the unexplored demand of potential policy holders.

We, popular life Insurance Company is conscious, spontaneous and committed to our social responsibilities in addition to our commercial activities. Alike previous years, our company contributed in its own capacity towards development of education, health, culture & sports and contributed in humanitarian assistances. Some of our CSR activities are, sponsoring First Division Football Tournament at Shariyatpur, Women's Volleyball Tournament at Dhaka, Donation to "Proyash " a school for physically challenged children operated by Bangladesh Army and so on apart from these we also have sponsored many other sports events and donated to programs of public interest.

According to IMF, Bangladesh's economy is the second fastest growing major economy of 2016. With an average GDP growth rate of around 7.0% the country entered into lower middle income group of global economy. Despite of limitation in natural resources and infrastructural weakness, Bangladesh has been growing faster in all aspects making its economy larger and ensuring sustainable development for its people. Its high time to fine tune our resources with the dynamics of national economy and materialize our corporate objectives through pragmatic planning and concerted efforts. I firmly believe, our integrated initiatives and implementation of business policies through commitment and hard work shall take us to the goal, Inshallah.

Allah Hafez,

Hasan Ahmed
Chairman

AMARSTOCK

বিসমিল্লাহির রাহমানির রাহিম



চেয়ারম্যান মহোদয়ের বিবৃতি

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ১৭তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে জানাই আন্তরিক আমন্ত্রণ। বছরে একবার কোম্পানীর লাভ-ক্ষতি, ভাল মন্দ যাবতীয় বিষয় নিয়ে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সাথে মত বিনিময়ের সুযোগ সৃষ্টি করে দেয় এই বার্ষিক সাধারণ সভা। আপনাদের স্বত:স্ফূর্ত উপস্থিতি আমাদের সকলকে সব সময় অনুপ্রাণিত করে। এই মহতী সম্মিলনে আপনাদের সামনে কোম্পানীর ২০১৬ সালের সাফল্য, ব্যর্থতা ও ভবিষ্যতের চ্যালেঞ্জগুলো কিভাবে মোকাবেলা করে আপনাদের কোম্পানীর সমৃদ্ধি ও অগ্রযাত্রাকে অব্যাহত রাখা যায় সেসব বিষয়ে কিছু আলোকপাত করার সুযোগ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত।

আপনারা নিশ্চয়ই জানেন, জীবন বীমা খাত এর সাফল্য অনেকাংশে দেশের সামষ্টিক অর্থনীতির গতি প্রকৃতির উপর নির্ভর করে; বিশেষত মোট দেশজ আয়ের বিপরীতে সঞ্চয় হারের অনুপাতের উপর। গত অর্থ বছরে মোট দেশজ উৎপাদনে ৭% প্রবৃদ্ধি

হলেও, প্রায় ৭.৬% মুদ্রাস্ফীতি ও রেমিট্যান্স আয় কমে যাওয়ার ফলে মধ্যম ও নিম্ন আয়ের মানুষের সঞ্চয় কমে যায়। আর এর প্রভাব পড়ে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা ও সঞ্চয় হারের উপর। জীবন যাত্রার ব্যয় বৃদ্ধির কারণে কৃষিজীবি ও ক্ষুদ্র ব্যবসায় নিয়োজিত মানুষের সঞ্চয় কখনো কখনো ঋণাত্মক আকার ধারণ করে, বাংলাদেশের অর্থনীতিতে এখন তেমনি একটি প্রতিকূল অবস্থা বিরাজ করছে। সেই সাথে যোগ হয়েছে সীমিত আয়ের ও অবসরে থাকা নাগরিকদের উপর সুদের হার কমে যাওয়ার প্রতিকূলতা। এরই ফলশ্রুতিতে ২০১৬ সালে কোম্পানীর প্রিমিয়াম আয় কমে গিয়ে দাঁড়িয়েছে ৬০০.৪১ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১০.৩৮ শতাংশ কম। অপরদিকে সুদের হার ক্রমশ কমে যাওয়ার ফলে কোম্পানীর বিনিয়োগ থেকে আয় কমেছে। কেননা, পুঁজি বাজারের অস্থিতিশীল অবস্থার কারণে বর্তমানে জীবন বীমা কোম্পানীর সিংহভাগ বিনিয়োগ আয় আসে ট্রেজারী বন্ড ও ব্যাংকে গচ্ছিত আমানত থেকে।

এসব প্রতিকূলতা সত্বেও ২০১৬ সালে আপনাদের কোম্পানীর প্রিমিয়াম আয় হয়েছে ৬০০.৪১ কোটি টাকা যা বাংলাদেশের জীবন বীমা শিল্পে একটি উল্লেখযোগ্য সাফল্য। জীবন বীমা শিল্পের বর্তমান অবস্থার প্রেক্ষাপটে প্রিমিয়াম আয়ের সাফল্যের ধারাবাহিকতা রক্ষায় আমাদের সকল স্তরের কর্মী ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যে নিরলস প্রচেষ্টা চালিয়েছেন সেজন্য আমি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। সেই সাথে প্রিমিয়াম আয়ের লক্ষ্য অর্জনে যে সব চ্যালেঞ্জ রয়েছে সেগুলো কিভাবে মোকাবেলা করে আমাদের সাফল্যের গতিকে অব্যাহত রাখা যায়, সে বিষয়ে কর্মকৌশল উদ্ভাবনের জন্য আমি ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আহ্বান জানাচ্ছি।

আপনারা জেনে আনন্দিত হবেন যে, যথাসময়ে বীমা দাবী পরিশোধে আমাদের সুনাম অক্ষুন্ন রেখে ২০১৬ সালেও আমরা ৮০৫.৩৭ কোটি টাকা বীমা দাবী পরিশোধ করেছি। বাংলাদেশের সর্বস্তরের বীমা গ্রহিতাদেরকে গুণগত মান সম্পন্ন বীমা সেবা দানের যে প্রতিশ্রুতি আমরা দিয়েছি তা পরিপালনে আমরা অঙ্গীকারাবদ্ধ ও নিরলস সচেষ্ট। সেই লক্ষ্যে আমরা আয়ের সাথে সংগতি রেখে বীমা সেবাকে বিন্যাসিত করার উদ্যোগ নিয়েছি। সেই সাথে লাইফ ফান্ড এর সর্বাধিক সম্ভব লাভজনক খাতে বিনিয়োগ করে পলিসিহোল্ডারদের সর্বোচ্চ বোনাস এবং শেয়ারহোল্ডারদের সর্বোচ্চ লভ্যাংশ দেওয়া আমাদের কর্মকান্ডের মূল উদ্দেশ্য।

আমাদের বীমা শিল্পে ব্যবসায়িক সফলতার প্রধান সহায়ক হচ্ছে দক্ষ ও নিবেদিত বীমা কর্মী। আমাদের বীমা প্রতিনিধি, উন্নয়ন কর্মকর্তা ও মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের, দক্ষতা বাড়াতে সারা বছরই নানা প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হচ্ছে। কার্যকর ভাবে পণ্যের প্রচার ও সম্ভাব্য বীমা গ্রাহকদের দ্বার প্রান্তে বীমা সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে নতুন নতুন কর্মপন্থা গ্রহণ করা হচ্ছে।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন, ব্যবসায়িক কর্মকান্ডের পাশাপাশি সামাজিক দায়িত্ব পালনে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। বিগত

বছরগুলোর ন্যায় আলোচ্য বছরেও দেশের শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি, ক্রীড়া ও আর্তমানবতার সেবায় আপনাদের কোম্পানী উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত প্রতিবন্ধী শিশুদের জন্য পরিচালিত বিশেষায়িত স্কুল "প্রয়াস"কে আর্থিক অনুদান, শরিয়তপুর ১ম বিভাগ ফুটবল স্পনসরশীপ, ঢাকা মহানগর মহিলা ভলিবল প্রতিযোগিতা স্পনসরশীপ আমাদের পিএসআর কর্মসূচীগুলোর কয়েকটি উদাহরণ।

সম্পদের সীমাবদ্ধতা, প্রাকৃতিক প্রতিকূলতা ও অবকাঠামোগত দূর্বলতা সত্বেও বাংলাদেশ ক্রমশ এগিয়ে যাচ্ছে উন্নয়নের পথে। জাতীয় এই উন্নয়নের সাথে আমাদের কর্ম-পরিকল্পনাগুলো সামঞ্জস্যপূর্ণ করতে হবে, যাতে বীমা গ্রহীতা ও আমাদের বীমা কোম্পানী উভয়ই অর্থনৈতিক উন্নয়নের সুফলের অংশীদার হতে পারে।

আমার দৃঢ় বিশ্বাস, আমাদের সকলে সমন্বিত ও ঐকান্তিক প্রচেষ্টায় আমরা আমাদের লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হবো, ইনশাল্লাহ।

আল্লাহ হাফেজ।

হাসান আহমেদ
চেয়ারম্যান

AMAR STOCK

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ



ব্যবস্থাপনা পরিচালক ও সিইও-এর পর্যালোচনা

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, আস্‌সালামু আ'লাইকুম।

আমি আমার বক্তব্যের শুরুতে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পরিচালনার ক্ষেত্রে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, পলিসিহোল্ডারগণ এবং শুভানুধ্যায়ীদের অব্যাহত পৃষ্ঠপোষকতা এবং সহযোগিতার জন্য কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। সেই সাথে যে সকল সম্মানিত বীমাগ্রাহক, শেয়ারহোল্ডার এবং শুভানুধ্যায়ী আমাদের ছেড়ে চিরদিনের জন্য চলে গেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করছি।

কোম্পানীর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আপনাদের পরামর্শ ও উপদেশ আমাদের অনুপ্রাণিত করে। ব্যবসায়িক প্রজ্ঞায় সমৃদ্ধ এবং দক্ষ নেতৃত্বের অধিকারী আমাদের সম্মানিত পরিচালনা পর্ষদ এর দিকনির্দেশনায় আমার উপর অর্পিত দায়িত্ব পালনের সুযোগ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত ও সম্মানিত বোধ করছি।

